# TENSE AND NUMBER

►*Onset by the name of Allah who is the beneficent and merciful.* শুরু করেন আল্লাহ্‌র নামে যিনি পরম করুণাময় এবং অতি দয়ালু। *Learn by the name of Allah who has created you.*শিখেন আল্লাহ্‌র নামে যিনি আপনাকে সৃষ্টি করেছেন।

►This composition must cooperate you to comprehend English.
এই রচনা আপনাকে অবশ্যই ইংরেজী বুঝতে সাহায্য করবে।

►**If you feel like learning English,(*যদি আপনার ইংরেজী শিখতে ইচ্ছে করে*) Carry on.** ***চালিয়ে যান। This is how……….এভাবে.........***

►**Number**দুই প্রকার। যেমন:

01. **Singular number-** ***একবচন:*** একটি বা একজন বুঝালে Singular number হয়।

যেমন: He, She, It, The pen, A book etc.

02. **Plural number-** ***বহুবচন:*** একটি বা একজনের বেশি বুঝালে Plural number হয়।

যেমন: They, We, The pens etc.

►**Person**তিন প্রকার। যেমন:

01. **1$^{st}$** person →I and We.
02. **2$^{nd}$**person → You.
03. **3$^{rd}$** person → **I**এবং**You**ছাড়া একা আছে যারা ***3$^{rd}$ person singular number***তারা। যেমন: He, She, They, It, The man, The men, The woman, The women, The virgin, College Road, Mymensingh, Dhaka and so on.

## 3$^{rd}$ Person Singular Number*(শিখতে হবে)*

►**I**এবং**You**ছাড়া একা আছে যারা ***3$^{rd}$ person singular number***তারা।
যেমন: It, He, She, Misty, Ayon, A man, The man, A woman, The woman, A fan, A door, MasterMind, Hazi Elias Ali Market, College Road, Beanibazar, Sylhet.

| | | | |
|---|---|---|---|
| Every person | প্রত্যেক ব্যক্তি | Everyone | প্রত্যেকে |
| Everybody | প্রত্যেক ব্যক্তি | Everything | সবকিছু |
| Anyone | যে কেউ | Anything | যে কোন কিছু |
| No one/Nobody | কেউ না | Nothing | কোন কিছুই না |
| Someone/Somebody | কেউ | Something | কিছু |
| Each of them | তাদের প্রত্যেকে | One of them | তাদের একজন |
| Either of them | তাদের প্রত্যেকেই | Neither of them | তাদের কেউ না |

►Infinite, gerund, verbal noun, clause ইত্যাদি বাক্যের Subject হিসেবে থাকলে তা **3rd** person singular number.
***Ex:*****To tell** a lie ***is*** a great sin.
***Ex:*****Swimming*is*** a good exercise.
***Ex:*****The writing of** poem is my favorite hobby.
***Ex:*****That you completed the course*is*** known to me.

►একক দুরত্ব, পরিমাণ, সময়,্ওজন, বয়স, অর্থ ইত্যাদি ***3rd person singular number.***
***Ex:*****Fifty yards*is*** a good distance.
***Ex:*****Ten thousand dollars*is*** a big amount of money.

►**Uncountable noun *এবং* Abstract noun**অর্থের দিক থেকে **plural**হলেও ***3rd person singular number***. এ ধরনের noun গুলো হলো:Scenery-দৃশ্য, machinery-যন্ত্রপাতি, furniture-আসবাবপত্র, wages-মজুরি, poetry-কাব্য, Issue-আলোচ্য বিষয়, brick-ইট, hair-চুল, alphabet-বর্ণমালা, luggage-মাল-পত্র, air-বাতাস, smoke-ধোঁয়া, oxygen-অম্লজান, water-পানি, milk-দুধ, ink-কালি, soup-ঝোল, dust-ধূলা, sand-বালি, rice-ভাত, grass-ঘাস, salt-লবন, honesty-সততা, courage-সাহস, peace-শান্তি, sympathy-সহানুভূতি, football, cotton-তুলা, cooking-রান্না, parking-গাড়ি রাখার স্থান, training-প্রশিক্ষণ, clothing-পোশাক পরিচ্ছদ, love-ভালবাসা, advice-উপদেশ, knowledge-জ্ঞান
***Ex:*****Milk*is*** not cheap in cost.
***Ex:*** The **scenery** of Cox's Bazar **is** very charming.

►Physics-পদার্থবিদ্যা, mathematics-গণিত, politics-রাজনীতি, gallows-ফাঁসিকাঠ, economics-অর্থনীতি, civics-পৌরনীতি, ethics-নীতিবিদ্যা, statistics-পরিসংখ্যানবিদ্যাইত্যাদি ***3rd person singular number***
***Ex:*** The **Wages** of sin **is** death.
***Ex:*****Mathematics*is*** my favorite subject.

►And দ্বারা যুক্ত দুটি পদ একই ব্যক্তিকে নির্দেশ করলে প্রথম পদের পূর্বেই The বসে কিন্তু দ্বিতীয় পদের পূর্বেই The বসে না এ রকম হলে তা **3rd** person singular number.
***Ex:*** The headmaster and secretary **has** helped a lame dog over a stile.
***এখানে*** যিনি **headmaster**তিনিই **secretary.** তার মানে একজনকে বুঝাচ্ছে।

►সাধারণত and দ্বারা যুক্ত দুটি পদ আলাদা দু'জন ব্যক্তিকে নির্দেশ করলে দু'টি পদের পূর্বেই The বসে। এ রকম হলে তা **3rd** person singular numberনা।
Ex: The headmaster and the secretary have given me a hand.
***এখানে*** যিনি **headmaster**একজন এবং**secretary**অন্যজন। তার মানে একজনকে বুঝাচ্ছে না।

►Aristocracy-অভিজাত শাসকগোষ্ঠী, nobility-মহানুভবতা, clergy-যাজকমন্ডলী, people-জনতা, police-পুলিশ, public-জনসাধারণ, peasantry-কৃষক শ্রেণী, mankind- মানবজাতী, cattle-গবাদি পশু, poultry-হাঁসমুরগি, folk-লোক, gentry-অভিজাত সম্প্রদায়, vermin-অনিষ্ঠকর জীবজন্তু, dozen-অনির্দিষ্ট সংখ্যা, pair-জোড়াইত্যাদি দেখতে singular মনে হলেও এগুলো **3rd** person singular number না।
***Ex:*****The police** in Bangladesh **are** more corrupted than before.
***Ex:*****The nobility** of Bangladeshi **are** seen in a blue moon.

## Present Indefinite Tense *অথবা* Present Simple Tense

►নিত্য,অভ্যাসগত ও চিরন্তন সত্য Present Indefinite Tense.
যেমন – করি, করে, করেন, করিস, যাই, যায়, যান, যাস, পড়ি, পড়, পড়ে, পড়েন, পরিস, ঘুমাই, ঘুমায়, ঘুমাও, ঘুমান, ঘুমাস, উঠে, ডুবে, নাচে, গায়, খেলি, খেল, খেলেন, খেলিস, আসে, আসি, আসেন ইত্যাদি।

►Subject + V1 + Object + Extension.

►যদি Subject 3rd person singular number হয় তবে মূল Verb এর সাথে s বা es যোগ করতে হয়। যে সব Verb এর শেষে s, h, x, o এবং zথাকে তাদের শেষে সাধারণত es যোগ করতে হয়।

►***যেমন***:
***মিষ্টি রহমান আমাকে ইংরেজী শিখায়।***
**Misty Rahman *teaches* me English.**
***অয়ন সাধারণত সত্যি ঘটনা প্রকাশ করে।***
**Ayongenerally*expresses* true event.**
***আমি তোমাকে আদর করি* →I *adore* you.**

►***Note:*** Always-সর্বদা, daily-প্রতিদিন, every + time (everyday, every week, every year, every month etc), generally-সাধারণত, naturally-প্রকৃতিগতভাবে, normally-স্বাভাবিকবাবে, ordinarily-সাধারণভাবে, regularly-নিয়মিতবাবে, usually- সচরাচর, frequently / sometimes- মাঝে মাঝে, occasionally- মাঝে মাঝে,(very) often- প্রায়ই, now and then- মাঝে মাঝে, ইত্যাদি থাকলে বাক্যটি সাধারণত present indefinite tense হয়। তবে past habit (অতীত অভ্যাস) বুঝালে বাক্যটি past indefinite tense হয়।
***Ex:*** Rubel says prayer **everyday.**
***Ex:*** He was **never** absent from School.

## Present continuous Tense

►যে কাজটি বর্তমানে চলিতেছে তাকে Present Continuous Tense বলে।

►***বাংলায় চিনিবার উপায়***: বাংলা ক্রিয়া পদের শেষে তেছ, তেছি, তেছে, তেছেন, চ্ছ, চ্ছে, চ্ছি, চ্ছেন, ছি, ছ, ছেন, ইত্যাদির যে কোন একটি যোগ থাকে।

►***গঠন***:Subject + am/is/are + V4 + object + Extension.

►***যেমন***:
সাদমান একটি গান গাইছে।
Sadman is singing a song.
তারা মাঠে ক্রিকেট খেলিতেছে।
They are playing Cricket in the field.
আমি এখন ইংরেজী শিখছি।
Now I am learning English.

►***Note***: I এর জন্য am, 3rd person singular number এর জন্য is, বাকি সবার জন্য are.

►***Note***:**V1**-verb এর Present form, **V2** - Verbএর Past form,
**V3** - Verbএর Past participle form,**V4** - Verbএর সাথে ing

►***Note*:**কোন sentence-এ now, at this moment, at this time, day by day, day after day, gradually, increasingly ইত্যাদি থাকলে উক্ত sentence টি সাধারণত present continuous tense হয়
***Ex:*** The students of Atik sir are increasing **day by day**.

## Present Perfect Tense

► যে কাজটি এই মাত্র শেষ হয়েছে কিন্তু তার ফল এখনও বর্তমান তাকে Present Perfect Tense বলে।

►***বাংলায় চিনিবার উপায়ঃ*** বাংলা ক্রিয়া পদের শেষে য়াছ, য়াছি, য়াছে, য়েছেন, য়েচ, য়েছে এরকম একটি যোগ থাকে।

►*গঠণ*: Subject + have/has + V3 + object + Extension.

►***যেমনঃ***
সোয়েব কাজটি করিয়াছে।
Shoyeb has done the work.
আমরা তাকে সাহায্য করিয়াছি।
We have helped him.

►***Note:*** 3rd person singular number এর জন্য has এবং সবার জন্য have.
►***Note:***কোন sentence এ just, just now, ever, yet, still. lately, recently, already, in the mean time, so far, up to now, up to the present ইত্যাদি থাকলে উক্ত sentence টি সাধারণত present perfect tense হয়"just"শব্দটি have/has এবং V3 এর মাঝে বসে।
***Ex:*** We have **just** reached MasterMind.
***Ex:*** I have got admitted at MasterMind**recently.**

## Present Perfect Continuous Tense

►যে কাজটি অতীতে শুরু হয়ে এখনও চলছে তাকে Present Perfect Continuous Tense বলে।

►*গঠণ:*Subject + Number এবং Person অনুসারে have been/has been + verb এর সাথে ing + object + Extension.

►***Note:***এই Tense এ since এবং for বসে। নির্দিষ্ট সময় বুঝালে since এবং অনির্দিষ্ট সময় বুঝালে for বসে। সংখ্যা দ্বারা প্রকাশ করা যায় এ রকম সময়ের আগে for বসে। যেমন- ১ ঘন্টা, ২ ঘন্টা, ৩ ঘন্টা .........

►***যেমনঃ***
রাকিব সকাল হইতে কোরআন পরছে।
Rakib has been reading the Quran since morning.
তারা তিন ঘন্টা যাবৎ খেলছে।
They have been playing for three hours.


## The Courses of MasterMind

→ ICT → COMPUTER
→ SPOKEN → WRITING
→ IELTS → IELTS LIFE SKILLS
→ JOB ENGLISH → HSC ENGLISH
→ HONS ENGLISH → JSC/SSC PACKAGE

## Past Indefinite Tense

►যে কাজটি সম্পুর্ণ রূপে শেষ তাকে Past Indefinite Tense বলে।

►***চিনিবার উপায়***: বাংলা ক্রিয়া পদের শেষে ল, লাম, ছিলাম, লেন, ছিলেন, ত, তে, তাম, তেন, নি ইত্যাদির যে কোন একটি যোগ থাকে।

►***গঠন:***Subject +V2 + object +Extension

►***যেমন:***

অয়ন এখানে বাস করত।

Ayon lived here.

সে একটি কবিতা লিখল।

He wrote a poem.

►***Note:***কোন sentence এ অতীত নির্দেশক কোনশব্দ বা phrase যেমন yesterday, last week, last month, last year, last decade, last century, long ago, long since, once upon a time, once, formerly, back, in the past, in those days, the day before, the previous day ইত্যাদি থাকলে ***past indefinite tense*** হয়।

**Ex:** I completed my task two **days ago.**

## Past Continuous Tense

►যে কাজটি অতীতে চলছিল তাকে Past Continuous Tense বলে।

►***বাংলায় চিনিবার উপায়***: বাংলা ক্রিয়া পদের শেষে তেছিল, তেছিলে, তেছিলাম, তেছিলেন, চ্ছিল, চ্ছিলাম, চ্ছিলেন ইত্যদির যে কোন একটি যোগ থাকে।

►***গঠন***:Subject + was/were + V4 + object + Extension.

►***যেমন :***

আমরা মাছ ধরতেছিলাম।

We were catching fish.

মিশু একটি গান গাইতেছিল।

Mishu was singing a song.

►***Note:*** Subject singular number হলে was এবং Plural number হলে were বসে।

## Past Perfect Tense

►এই Tense দুটি Tense থাকে। একটি Past Perfect Tense অপরটি Past Indefinite Tense. যে কাজটি আগে হয় তা Past Perfect Tense এবং যে কাজটি পরে হয় তা Past Indefinite Tense. এই Tense এ before এবং after বসে। Before এর আগে এবং after এর পরে Past Perfect Tense বসে। After এর আগে এবং before এর পরে Past Indefinite Tense বসে।

►***গঠন:***
►(1) Subject + had + V3 + object + before + subject + V2
►(2) Subject + V2 + object + after + subject + had + V3
►(3) No sooner + had + subject + V3+ object +Extension + than + Past indefinite tense.
►(4) Scarcely/Hardly + had + subject + V3+ obj +Extension + when + past indefinite tense.

►***যেমন:***
মৌ আসিবার পূর্বে আমি চা পান করলাম।
I had taken tea before Mou came.
তারা নাটকটি দেখার পর আমি সেখানে পৌছলাম।
I reached there after they had watched the drama.
আমি বাহিরে যেতে না যেতেই বৃষ্টি এল।
No sooner had I gone out than the rain came.

## Past Perfect Continuous Tense

►অতীত কালে দুইটি কাজের মধ্যে যে কাজটি দীর্ঘ সময় ধরে চলছিল তাকে Past Perfect Continuous Tense বলে।

►***গঠন:***Subject + had been + V4 + object + Extension.

►***যেমন:***
আমি তিন দিন যাবৎ কাজটি করিতেছিলাম।
I had been doing the work for three days.
তারা আসিবার পূর্বে গিয়াস দুইঘন্টা যাবৎ বইটি পরিতেছিল।
Giash had been reading the book for two hours before they came.

**Keep Atik Sir In Touch And Shape Your English**

## Future Indefinite Tense

►যে কাজটি ঘটবে বা হবে তাকে Future Indefinite Tense বলে।

►***বাংলায় চিনিবার উপায়:*** বাংলা ক্রিয়া পদের শেষে ব, বে, বেন ইত্যাদির যে কোন একটি যোগ থাকে।

►***গঠন***: Sobject +Shall/Will + V1+ object + Extension.

►***যেমন:***
আমি ঢাকা যাব।
I shall/will go to Dhaka
তারা মাঠে খেলবে।
They will play in the field.

***Note:*****1$^{st}$** person এ shall এবং সব জায়গায় will বসে।shall এর ব্যবহার এখন নেই বললেই চলে।

## Future Continuous Tense

►যে কাজটি ভবিষ্যৎ কালে চলতে থাকিবে তাকে Future Continuous Tense বলে।

►***বাংলায় চিনিবার উপায়:*** বাংলা ক্রিয়া পদের শেষে তেথাকিব, তেথাকিবে, তেথাকিবেন ইত্যাদির যে কোন একটি যোগ থাকে।

►***গঠণ:***Subject +Shall be/will be + V4 + object +Extension.

►***যেমন:***
অলি একটি গান গাইতে থাকিবে।
Oli will be singing a song.
আমরা ইহা দেখাইতে থাকিব।
We will be showing it.

## Future Perfect Tense

►ভবিষ্যৎ কালে দুটি কাজের মধ্যে যে কাজটি আগে শেষ হয়ে থাকবে তাকে Future Perfect Tense বলে।

►***বাংলায় চিনিবার উপায়:*** বাংলা ক্রিয়া পদের শেষে ইয়াথাকিব,ইয়াথাকিবে,ইয়াথাকিবেন ইত্যাদির যে কোন একটি যোগ থাকে।

►***গঠন:***Subject +shall have/will have + V3+ object + Extension.

►***যেমন:***
সে আসিবার পুর্বে আমি চা তৈরী করিয়াথাকিব।
I shall/will have made tea before he will come/he comes.

►***Note:***যে কাজটি পরে হয় উহা Future Indefinite Tense অথবা Present Indefinite Tense হয়।

## Future Perfect Continuous Tense

►ভবিষ্যৎ কালে দুটি কাজের মধ্যে যে কাজটি আগে থেকে চলতে থাকবে তাকে Future Perfect Continuous Tense বলে।

►***বাংলায় চিনিবার উপায়:*** বাংলা ক্রিয়া পদের শেষে তেথাকিব, তেথাকিবে, তেথাকিবেন ইত্যাদির যে কোন একটি যোগ থাকে।

►***গঠন:***Subject + shall have been/will have been + V4 + object + Extension.

►***যেমন:***
তুমি না আসা পর্যন্ত আমি তোমার জন্য অপেক্ষা করিতে থাকিব।
I shall have been waiting for you until you will come/you come.
নাসরিন দুই ঘন্টা ধরে কাজটি করিতে থাকিবে।
Nsarin will have been doing the work for two hours.